তারিখ 23 OCT 1988
পৃষ্ঠা ৮ কলাম ২

দৈনিক খবর

30

# ক্যাম্পাস অস্ত্রমুক্ত করতে সরকার দৃঢ়প্রতিজ্ঞ ঃ জাফর

খুলনা, ২২শে, অক্টোবর (বাসস)।– প্রধানমন্ত্রী কাজী জাফর আহমেদ বলেছেন, ক্যাম্পাসে নৈরাজ্য দেশের ভবিষ্যতের জন্য মারাত্মক হুমকি স্বরূপ এবং একে অস্ত্রমুক্ত করতে রাষ্ট্রপতি এরশাদ সরকার সংকল্পবদ্ধ।

শেষ পৃষ্ঠায় ৫ম কলামে

## ক্যাম্পাস অস্ত্রমুক্ত

প্রথম পৃষ্ঠার পর

কাজী জাফর আহমেদ আজ তার সম্মানে আয়োজিত খুলনা জেলা স্কুলের শিক্ষক ও ছাত্রদের দেয়া এক সম্বর্ধনা অনুষ্ঠানে ভাষণ দিচ্ছিলেন। কাজী জাফর আহমেদ এই স্কুল থেকে ১৯৫৫ সালে মেট্রিক পাস করেন।

প্রধানমন্ত্রী বলেন, শিক্ষার পরিবেশের অবশ্যই উন্নয়ন সাধন করতে হবে এবং প্রাতিষ্ঠানিক শিক্ষার মান উন্নয়নে উন্নততর শিক্ষক–ছাত্র সম্পর্ক পুনঃপ্রতিষ্ঠা করতে হবে।

তিনি বলেন, ছাত্র তৎপরতার প্রকৃতির ও পরিবর্তন হতে হবে, যাতে ছাত্ররা একটি স্বাধীন শক্তি হিসেবে চিন্তা করতে পারে এবং তাদেরকে রাজনৈতিক দলগুলোর ঘেটু হিসেবে ব্যবহৃত হতে হবেনা।

খুলনার জেলা প্রশাসক আবদুল মুকতাদির চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত এ সম্বর্ধনা সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন বেসামরিক বিমান পরিবহণ মন্ত্রী লেঃ কর্নেল (অবঃ) এইচ এম এ গাফফার বীর উত্তম, খুলনা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর ডঃ গোলাম রহমান, সাংবাদিক মনিরুল হুদা এবং খুলনা জেলা স্কুলের সাবেক প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষক লিয়াকত আলী, সৈয়দ মাহবুব আলী ও মৌলানা নকিবুদ্দিন আহমেদ। কাজী জাফর যখন খুলনা জেলা স্কুলের ছাত্র তখন তাঁরা এ শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষকতা করতেন।

প্রধানমন্ত্রী বলেন, ছাত্রদেরকে শিক্ষার প্রতি মনোনিবেশ করতে হবে এবং জাতির প্রতি অর্থপূর্ণ দায়িত্ব পালনে নিজেদের যোগ্য করে গড়ে তুলতে হবে।

তিনি বলেন, দেশের ভবিষ্যৎ নেতা হিসেবে তাদের অবশ্যই খুব জ্ঞানী হতে হবে। এতে করে দেশের জন্য কার্যকর নেতৃত্বদানে তারা সমর্থ হবে এবং দেশকে ব্যাপকতর উন্নতি ও সমৃদ্ধির লক্ষ্যে এগিয়ে নিয়ে যেতে পারবে।

কাজী জাফর আহমেদ শিক্ষার উদ্দেশ্য অর্জনে বই ছাড়াও প্রকৃতি, ঐতিহ্য ও শিক্ষকদের কাছ থেকে শিক্ষার পাঠ অনুসরণের পরামর্শ দেন।

যারা শিক্ষককে শ্রদ্ধা করে না, তাদের যতই ডিগ্রী থাকুক না কেন তারা প্রকৃত পক্ষে শিক্ষিত ও সভ্য হতে পারে না– এ কথা স্মরণ করিয়ে তিনি ছাত্রদেরকে তাদের শিক্ষকদের শ্রদ্ধার জন্য পরামর্শ দেন।

শিক্ষকদের প্রতি শ্রদ্ধা নিবেদন করে কাজী জাফর আহমেদ শিক্ষকদেরকে যে কোন সমাজের প্রকৃত কারিগর বলে বর্ণনা করেন। তিনি বলেন জাতির সার্থে লেকচুয়াল ভিত্তিকে সম্প্রসারণের জন্য তারা নীরবে কাজ করে যাচ্ছেন।

তিনি বলেন, সেবার স্বীকৃতি স্বরূপ সমাজের সর্বোচ্চ স্থানে শিক্ষকদের স্থান হওয়া উচিত।

কাজী জাফর আহমেদ আজ খুলনায় দৈনিক পূর্বাঞ্চল ও ডেইলী ট্রিবিউন পত্রিকার কম্পিউটার কম্পোজ সেকশন উদ্বোধন অনুষ্ঠানে বলেন, গণতান্ত্রিক মূল্যবোধ ও প্রতিষ্ঠানকে জোরদার করে তুলতে জাতীয় গুরুত্বপূর্ণ বিষয় ও বির্তক অব্যাহতভাবে তুলে ধরে পত্রিকাগুলো গুরুত্বপর্ণ ভূমিকা পালন করতেপারে।

কাজী জাফর আহমেদ আজ খুলনায় একটি প্রস্তাবিত ক্যান্সার হাসপাতালের ভবন নির্মাণের জন্য প্রায় ১শ' বিঘা পৈতৃক সম্পত্তি দান করেন।